



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৩৯৩৬২/ ৬১৬৬ /চাঁদপুর-১৮০

তারিখ: ১১.১১.২০১৯খ্রি.


বিষয়:- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলাধীন রাড়িকান্দি ডি. এস. দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি বিষয়ে জনৈক জনাব মো: বোরহান উদ্দিন প্রধান একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসার সুপার দুটি ভিন্ন আবেদনে একটিতে জনাব মো: বোরহান উদ্দিন প্রধান অপরটিতে জনাব নুরুজ্জামানকে সভাপতি নির্বাচিত করে ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য আবেদন করেছেন মর্মে অভিযোগে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক.....২..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



১১.১১.১৯
(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার
মতলব উত্তর, চাঁদপুর


১১.১১.১৯

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৩৯৩৬২/ ৬১৬৬ /চাঁদপুর-১৮০

তারিখ: ১১.১১.২০১৯খ্রি.

সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁদপুর;
২. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মতলব উত্তর, চাঁদপুর;
৪. সুপার, রাড়িকান্দি ডি. এস. দাখিল মাদ্রাসা, মতলব উত্তর, চাঁদপুর;
৫. সভাপতি, রাড়িকান্দি ডি. এস. দাখিল মাদ্রাসা, মতলব উত্তর, চাঁদপুর;
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

বরাবর,
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
বকশি বাজার, ঢাকা-১২১১।

বিষয় : নির্বাচিত সভাপতি ও অভিভাবক সদস্যদের বাদ দিয়ে অনির্বাচিত সদস্য দিয়ে কমিটি
জমাদান প্রসঙ্গে।

জনাব,
যাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ বোরহান উদ্দিন প্রধান,
রাড়ী কান্দি দারুচ্ছন্নাত দাখিল মাদ্রাসার এডহক কমিটির সভাপতি, নির্বাচিত অভিভাবক
প্রতিনিধিদের প্রস্তাব সমর্থনে আমাকে সভাপতি করে। একাডেমিক সুপার ভাইজার প্রস্তাব পত্র পেশ
করেন। সেই অনুপাতে ই ফাইলিং এর মাধ্যমে কমিটি জমা করা হয়। দুঃখের বিষয় পরবর্তীতে
আরেকটি কমিটি ও জমা দেওয়া হয়। সেখানে সভাপতি ও দুই জন নির্বাচিত অভিভাবককে বাদ
দিয়ে আরেকটি কমিটি জমা দেওয়া হয়। যাহার সভাপতি নূরুজ্জামান সাহেবকে দেওয়া হয়। উক্ত
কমিটির বিরুদ্ধে আমাদের অভিযোগ। উক্ত কমিটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জনাবের
কৃপা দৃষ্টি আকর্ষণ করছি।

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মোঃ বোরহান উদ্দিন প্রধান	সভাপতি	
০২	মোঃ মিলন সরকার	অভিভাবক প্রতিনিধি	
০৩	মোঃ গোলাম মোস্তফা চৌধুরী	অভিভাবক প্রতিনিধি	

অতএব, মহাদয়ের নিকট আকুল আবেদন, উক্ত বিষয়টি বিবেচনা করতে আপনার সদয় মর্জি
হয়।

তারিখ : ২৮/০২/২০১১ ইং

বিনীত নিবেদক
মোঃ বোরহান উদ্দিন প্রধান
মোঃ বোরহান উদ্দিন প্রধান